

বি ই কলেজ দেখে খুশি কেন্দ্রীয় সচিব

নিজস্ব সংবাদদাতা: শিবপুর বি ই কলেজকে আই আই টি-র মর্যাদা দেওয়ার প্রক্রিয়া আরও কিছুটা এগিয়েছে। বৃহস্পতিবার কেন্দ্রীয় মানবসম্পদ মন্ত্রকের সচিব এবং আই আই টি-সহ আই এন আই রিভিউ কমিটির প্রধান সুদীপ বন্দ্যোপাধ্যায় বি ই কলেজের বিভিন্ন বিভাগ পর্যবেক্ষণ করে সমস্ত প্রকাশ করেছেন বলে জানান কর্তৃপক্ষ। সুদীপবাবু বলেন, “বি ই কলেজ অত্যন্ত উন্নত মানের কলেজ। আই আই টি স্তরে উন্নীত করার জন্য কর্তৃপক্ষও বিভিন্ন প্রয়োজনীয় তথ্য দিয়েছেন।” এ দিন বি ই কলেজের সব বিভাগের ক্লাস স্বাভাবিক ভাবেই হয়েছে।